

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(পার-৩ অধিশাখা)  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৪৪.০০৬.০০.০০.০২.২০১৭-৬৮

তারিখ: ০৮-১১-১৪২৫ বঙ্গাব্দ  
২০-০২-২০১৯ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ সকল পর্যায়ের হাসপাতালে চিকিৎসক, নার্সসহ সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিতকরণ ও মানসম্মত সেবা নিশ্চিতকরণ প্রসংগে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিগত ২৭ জানুয়ারী'২০১৯ তারিখ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পরিদর্শন কালে দেশের বিভিন্ন পর্যায়ের হাসপাতালে চিকিৎসক, নার্স ও সংশ্লিষ্ট অন্য সকলের উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। কর্মস্থলে অনুপস্থিতি ও দায়িত্বে অবহেলার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও তিনি নির্দেশ দেন।

২। মাননীয় প্রধানমন্ত্রী বিভিন্ন হাসপাতালে জনসাধারণের অর্থে ক্রয়কৃত যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও সঠিকভাবে ব্যবহারের জন্য জোর তাগিদ দেন। সকলের জন্য মানসম্মত স্বাস্থ্য সেবা, নিরাপদ ঔষধ ও স্বাস্থ্য সম্মত উপায়ে মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। তিনি মাঠ পর্যায়ের তদারকি বৃদ্ধি, যন্ত্রপাতি সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ ও সকল চিকিৎসক, নার্স ও স্বাস্থ্য সেবার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য আহ্বান জানান।

৩। এমতাবস্থায় সার্বিক অবস্থা বিবেচনায় দেশের মানুষের জন্য মান সম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য বিভিন্ন হাসপাতালের পরিচালক ও সিভিল সার্জনদের নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবেনঃ

- ১) যে সকল হাসপাতালে বাইয়োমেট্রিক মেশিন নেই সে সব হাসপাতালে বাইয়োমেট্রিক হাজিরা মেশিন স্থাপন করতে হবে;
- ২) সকল চিকিৎসক, নার্স টেকনিশিয়ানসহ অন্যান্য সকলের নিয়মিত হাজিরা নিশ্চিত করতে হবে;
- ৩) অননুমোদিতভাবে কেউ কর্মস্থল থেকে অনুপস্থিত থাকলে সাথে সাথে স্বাস্থ্য অধিদপ্তর ও মন্ত্রণালয়ে প্রতিবেদন দিতে হবে;
- ৪) এ্যাম্বুলেন্স সচল রাখতে হবে, এক্সরে মেশিনসহ সকল যন্ত্রপাতি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে;
- ৫) স্বাস্থ্য সম্মত উপায়ে মেডিকেল বর্জ্য অপসারণ করতে হবে।

স্বা-১৯-০২-২০১৯  
( মোঃ আসাদুল ইসলাম )  
সচিব


অপর পৃঃ দ্রঃ

নং-৪৫.১৪৪.০০৬.০০.০০.০২.২০১৭-৬৮

তারিখ: ২০/০২/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অধ্যক্ষ/পরিচালক (সকল), .....
- ২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), .....
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৯। সিভিল সার্জন/ভত্তাবধায়ক (সকল).....
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).....
- ✓ ১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। যুগ্ম-সচিব (পার) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
২০/০২/১৭  
(রোকেয়া বেগম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৯১২৮  
dsper3@mohfw.gov.bd